গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জনপ্রশাসন মন্ত্রণালয় এর অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মোঃ মোজাম্মেল হক খান সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
তারিখ	:	০৫.০৪.২০১৭ খ্রি.
সময়	:	বিকাল ৩:০০ টা
স্থান	:	জনপ্রশাসন মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষ
উপস্থিত সদস্য	:	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক, এম.পি. উপস্থিত ছিলেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর নিম্নবর্ণিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। গত ০৪.০১.২০১৭ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

২। গত ০৪.০১.২০১৭ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	**শাখা/অধিশাখা পরিদর্শন** শাখা-অধিশাখা পরিদর্শন অব্যাহত আছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ জানুয়ারি, ২০১৭ হতে মার্চ, ২০১৭ পর্যন্ত ১জন অতিরিক্ত সচিব, ৪জন যুগ্মসচিব, ২৬জন উপসচিব, ৩২জন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ও অন্যান্য কর্মকর্তাগণ ৬৩টি শাখা/অধিশাখা পরিদর্শন করেছেন। পরিদর্শনকারী কর্মকর্তাদের প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশ পর্যালোচনায় দেখা যায়, শূন্য পদে জনবল পদায়ন পর্যায়ক্রমে হচ্ছে। সকল শাখা/অধিশাখায় গার্ড ফাইল হালনাগাদকরণ/ডিজিটাল নম্বর প্রদান করা হয়। নথিপত্র বিনষ্টকারী প্রাণি নিধন, আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী সরবরাহ এবং প্রয়োজনীয় মেরামত/সংস্কার কাজ অব্যাহত আছে।	**ক.** সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী সকল স্তরের কর্মকর্তাদের শাখা/অধিশাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং পরিদর্শন সংখ্যা বৃদ্ধি করতে হবে। শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের Findings এর বিষয়ে অনুবিভাগের সমন্বয় সভায় পর্যালোচনাপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে। কেবল সিনিয়র সচিব পর্যায়ে উপস্থাপনযোগ্য বিষয় মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় আলোচিত হবে।	**কর্মকর্তা (সকল)** **অতিরিক্ত সচিব (সকল অনুবিভাগ)**
		খ. পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের আলোকে শূন্য পদে জনবল পদায়ন, অকেজো মালামাল বিক্রয়, গার্ড ফাইল হালনাগাদকরণ, সঠিকভাবে ডিজিটাল নম্বর প্রদান, সর্বক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিতকরণ, আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী সরবরাহ এবং প্রয়োজনীয় মেরামত/সংস্কার কাজ সম্পন্ন করতে হবে।	**কর্মকর্তা (সকল)**
	অতিরিক্ত সচিব (প্রশাসন) অধিশাখা বলেন, যে সকল শাখা/অধিশাখার কক্ষ অধিক প্রশস্ত সে সকল শাখা/অধিশাখায় কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন করা হলে কর্মকর্তা/কর্মচারীদের কাজের পরিবেশ উন্নত হবে।	**গ.** বড় আকারের কক্ষে করপোরেট অফিসের ন্যায় কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপনের বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে হবে।	**উপসচিব (প্রশাসন-৪)**
২.২	**কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন** পর্যায়ক্রমে সকল শাখা/অধিশাখায় ই-নথি উপস্থাপন কার্যক্রম চালু করার লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের ০৩ দিন ব্যাপি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়নের জন্য কারিগরী	**ক** ই-ফাইলিং কার্যক্রমকে আরও বেগবান করার জন্য সকল শাখা/অধিশাখার কর্মকর্তাদেরকে সচেষ্ট হতে হবে। শাখা/অধিশাখা পর্যায়ে নিষ্পত্তিযোগ্য	**কর্মকর্তা (সকল)**

	সহায়তা এবং তদারকী ও বাস্তবায়নের জন্য উইং ভিত্তিক কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা হয়েছে। ই-ফাইলিং কার্যক্রমে ৫১টি মন্ত্রণালয়ের মধ্যে আমাদের অবস্থান ২৩তম মর্মে অতিরিক্ত সচিব (পিএসিসি) জানান।	বিষয়সমূহ ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তির কার্যক্রম এ মাস থেকেই শুরু করতে হবে। **খ.** ই-ফাইলিং কার্যক্রম বেগবান করে জুন/২০১৭ এর মধ্যে মন্ত্রণালয়ের অবস্থান অন্তত: ১০ম স্থানে আনতে হবে। **গ.** অতিরিক্ত সচিব (এপিডি) অনুবিভাগ প্রধানদের নিয়ে সভা করে ই-ফাইলিং কার্যক্রমে গতিশীলতা আনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	**অতিরিক্ত সচিব (এ.পি.ডি.)** **অতিরিক্ত সচিব (পিএসিসি)**
২.৩	**নথির শ্রেণি বিন্যাস** অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, সকল শাখা-অধিশাখার নথিসমূহ যথাযথভাবে শ্রেণিবিন্যাস কার্যক্রম অব্যাহত আছে। সভাপতি সচিবালয় নির্দেশমালা,২০১৪ অনুযায়ী নথি শ্রেণি বিন্যাস কার্যক্রম অব্যাহত রাখা, বিনষ্টযোগ্য নথি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ এবং এ কার্যক্রম সংশ্লিষ্ট যুগ্মসচিবদেরকে তদারকির জন্য নির্দেশনা প্রদান করেন। অনুবিভাগ প্রধানের পরামর্শক্রমে গ-শ্রেণির নথি বিনষ্ট করা যাবে।	সকল শাখা-অধিশাখার নথি শ্রেণি বিন্যাস কার্যক্রম অব্যাহত রাখতে হবে, প্রয়োজনে উইং প্রধানের অনুমতি নিয়ে 'গ' শ্রেণির নথি বিনষ্ট করতে হবে।	**শাখা/অধিশাখা প্রধান (সকল)** **যুগ্মসচিব (সকল)**
২.৪	**অনিষ্পন্ন বিষয়** **ক.** মার্চ/২০১৭ পর্যন্ত বিভিন্ন শাখা/অধিশাখায় ১ মাস পর্যন্ত ১৭৪টি, ১-৩ মাস পর্যন্ত ৪৬টি, ৩-৬ মাস পর্যন্ত ২২টি এবং ৬ মাসের উর্ধ্বে ৫৫টি মোট ২৯৭টি বিষয় অনিষ্পন্ন রয়েছে। ডিসেম্বর/২০১৬ পর্যন্ত বিভিন্ন শাখা/অধিশাখায় অনিষ্পন্ন বিষয় ১১৮টি। মার্চ/২০১৭ পর্যন্ত অনিষ্পন্ন বিষয় বৃদ্ধি পেয়ে ২৯৭টি হয়েছে। **খ.** পেনশন কেইসসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কোন মামলা ৬ মাসের উর্ধ্বে অনিষ্পন্ন থাকা সমীচীন হবে না।	**ক.** সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনিষ্পন্ন বিষয়সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনুবিভাগের সমন্বয় সভায় পর্যালোচনাপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে। কেবল সিনিয়র সচিব পর্যায়ে উপস্থাপনযোগ্য বিষয় মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় আলোচিত হবে। **খ.** অনিষ্পন্ন পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি করতে হবে।	**কর্মকর্তা (সকল)** **যুগ্মসচিব (প্রশাসন-৫)**
২.৫	**শূন্য পদে জনবল নিয়োগ** **ক.** বিভিন্ন সংস্থা হতে প্রতিবেদন সংগ্রহ করে ৩৪তম বিসিএস এ সুপারিশকৃত ২১৭৫ জন প্রার্থীর মধ্যে ইতোমধ্যে ২১১৫ জন কর্মকর্তাকে বিভিন্ন ক্যাডারে নিয়োগ প্রদান করা হয়েছে। অবশিষ্টদের পরিপূর্ণ তথ্য পাওয়ার পর নিয়োগ প্রদান করা হবে। ৩৫তম বিসিএস এ সুপারিশকৃত ২১৫৬ জন প্রার্থীর মধ্যে বিভিন্ন সংস্থার প্রতিবেদনে উপযুক্ত বিবেচিত হওয়ায় ২০৭৩ (দুই হাজার তিয়াত্তর) জন প্রার্থীকে ০২/০৪/২০১৭ তারিখে নিয়োগ প্রদান করা হয়েছে। পরবর্তীতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিবেদনে ২০ জন প্রার্থী উপযুক্ত হওয়ায় তাদের নিয়োগের সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ বিবেচনা ও সদয় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ৬৩ জন প্রার্থীর পরিপূর্ণ তথ্য পাওয়ার পর নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হবে।	**ক.** ২০ জন মুক্তিযোদ্ধা প্রার্থী নিয়োগের বিষয়ে সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী এবং মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ বিবেচনা ও সদয় অনুমোদনের পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। অবশিষ্ট ৬৩ জন প্রার্থীর পরিপূর্ণ তথ্য পাওয়ার পর নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।	**অতিরিক্ত সচিব (এপিডি)**

	খ. ১৩-২০তম গ্রেডের সরাসরি নিয়োগযোগ্য ৮২টি পদে নিয়োগের লক্ষ্যে ২৪.০১.২০১৭ তারিখে টেলিটকের মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ৮২টি পদের বিপরীতে ৪৬৮১১টি আবেদন দাখিল হয়েছে। ০৭.০৪.২০১৭ তারিখে কম্পিউটার অপারেটর পদের ৪৪২৫ জন এবং সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের ৯৯৮৮ জনসহ মোট ১৪৪১৩ জন প্রর্থীর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। বাকি ৩টি পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা পর্যায়ক্রমে গ্রহণ করা হবে। **গ.** বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি/ আধা সরকারি দপ্তর থেকে প্রতি ৩ মাস অন্তর অন্তর নির্ধারিত ছকে বিদ্যমান জনবল এবং শূন্য পদের হালনাগাদ বিবরণ সম্পর্কিত তথ্য সংগ্রহ অব্যাহত আছে।	**খ.** নিয়োগ বিধিমালা অনুসরণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে। **গ.** বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি/আধা সরকারি দপ্তর থেকে প্রতি ৩ মাস অন্তর নির্ধারিত ছকে বিদ্যমান জনবল এবং শূন্য পদের হালনাগাদ বিবরণ সম্পর্কিত তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে।	**অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাপতি, ডি.পি.সি.** **অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা)**
২.৬	**ক্যাডার কর্মকর্তাদের পিডিএস/ডাটাবেইজ হালনাগাদকরণ** বাংলাদেশ সিভিল সার্ভিসের ২৮টি ক্যাডারে এ পর্যন্ত সর্বমোট ৪২১২৭ জন কর্মকর্তার রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। ৪১৭৩৩ জনকে নতুন আইডি প্রদান করা হয়েছে যা পূর্ববর্তী সমন্বয় সভায় উপস্থাপিত তথ্য হতে ৯৭৩জন বেশি। পি.এম.আই.এস হালনাগাদ ও পিবিইএস বাস্তবায়নের জন্য কর্মসূচী প্রণয়ন করে অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। কর্মসূচীতে প্রেরিত বিষয়গুলোর অর্থ প্রাপ্তির জন্য ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে প্রস্তাব করা হয়েছে।	সকল কাড্যার কর্মকর্তাদের রেজিস্ট্রেশন দ্রুত সম্পন্ন করতে হবে। পিডিএসে যে সকল কর্মকর্তাদের ছবি নেই তাদের ছবি অন্তর্ভুক্ত করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে কর্মরত সকলের পি.ডি.এস. তৈরির কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। কর্মকর্তাদের ডাটাবেইজ হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	**অতিরিক্ত সচিব (প্রশাসন/সি.পি.টি./ পি.এ,সি,সি**
২.৭	**বাংলাভাষা বাস্তবায়ন কোষের কার্যক্রম** **ক.** 'সরকারি কাজে ব্যবহারিক বাংলা' পুস্তিকাটি মুদ্রণের জন্য গত ০২.০৩.১৭ তারিখে বিজি প্রেসে প্রেরণ করা হয়। ইতোমধ্যে ১ম প্রুফ ও ২য় প্রুফ সংশোধনের পর নমুনা কপি পাওয়া গিয়েছে। আগামী ৩০ এপ্রিল, ২০১৭ তারিখের মধ্যে পুস্তিকাটির চূড়ান্ত মুদ্রণ সম্ভব হবে। 'সরকারি কাজে প্রমিত বাংলা ব্যবহারের নিয়ম' পুস্তিকাটি মুদ্রণ সম্পন্ন হয়েছে এবং বিতরণ চলছে।	**ক.** 'সরকারি কাজে ব্যবহারিক বাংলা' পুস্তিকাটি চূড়ান্ত মুদ্রণের পর বিতরণ করতে হবে।	**অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা)**
২.৮	**অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি** শৃঙ্খলা-১(১)-১৪টি বিভাগীয় মামলা চলমান। যার মধ্যে ৫টি বিভাগীয় মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগের স্থগিতাদেশের পরিপ্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না এবং ৯টি প্রক্রিয়াধীন। ৮টি অভিযোগ অনিষ্পন্ন আছে। শৃঙ্খলা-২ এ ৪টি বিভাগীয় মামলা চলমান যার মধ্যে ৩টি ১-৬ মাসের মধ্যে এবং ১টি ৬ মাসের উর্ধ্বে অনিষ্পন্ন রয়েছে। শৃঙ্খলা-৩ এ ৬টি বিভাগীয় মামলা চলমান। তন্মধ্যে ২টি মামলার কার্যক্রম হাইকোর্টের স্থগিতাদেশের কারণে অনিষ্পন্ন রয়েছে। শৃঙ্খলা-৪ এ ০৫ টি বিভাগীয় মামলা চলমান যার মধ্যে ৪টি তদন্তধীন এবং ১টি ব্যক্তিগত শুনানির দিন ধার্য আছে। শৃঙ্খলা-৫ এ ১০টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। তন্মধ্যে ২টি বিভাগীয় মামলা তদন্তাধীন, ৩টি বিভাগীয় মামলায় অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ২টি মামলার তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে, ১টি মামলা রুজুর নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগে	ক. বিভাগীয় মামলার তদন্ত কার্যক্রম নির্ধারিত কর্মদিবসের মধ্যে সম্পন্ন করার জন্য তদন্তকারী কর্মকর্তাদের সচেষ্ট হতে হবে এবং বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। খ. নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল না করার জন্য সংশ্লিষ্ট বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তদন্তকারী কর্মকর্তাদের পত্র প্রেরণ করতে হবে। গ. বিভাগীয় মামলার বিষয়ে শাস্তির বিষয়টি দৃশ্যমান হতে হবে।	**অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত)**

	মতামত চাওয়া হয়েছে এবং ১টি মামলা আদালতের আদেশের কারণে স্থগিত আছে।		

৩.০ বিবিধ

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	**নাগরিক সেবায় উদ্ভাবন** **ক.** ২০১৬ সালের ১১টি উদ্ভাবনী উদ্যোগের মধ্যে ৮টি সম্পূর্ণ বাস্তবায়িত হয়েছে। • বাকী ৩টি উদ্যোগের মধ্যে একটি হলো অন-লাইন প্রশিক্ষণ কোর্স প্রবর্তন যার অধীন 'মোবাইল কোর্ট পরিচালনা' ও 'বেসিক আইসিটি' বিষয়ক অন-লাইন প্রশিক্ষণ কোর্স প্রণয়ন করা হয়েছে। 'ক্রয় ব্যবস্থাপনা' বিষয়ক একটি প্রশিক্ষণ কোর্স প্রণয়নের কাজ চলমান রয়েছে যা শীঘ্রই সমাপ্ত হবে। • অপর একটি উদ্যোগের অংশ হিসেবে Statistics of Civil Officers and Staff পুস্তিকা প্রকাশের নিমিত্ত অন-লাইনে তথ্য সংগ্রহের জন্য সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। সফটওয়্যারটিতে ১২টি মন্ত্রণালয়/বিভাগের জনবল সংক্রান্ত তথ্য এন্ট্রি দেওয়া হয়েছে। উদ্যোগটির বাস্তবায়ন চলমান। অপর উদ্যোগটি হলো 'কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীর চাকরিরত অবস্থায় মৃত্যুবরণজনিত এবং গুরুতর আহত হওয়ার কারণে তাদের পরিবারকে অনুদান প্রদান সহজীকরণের নিমিত্ত সফটওয়্যার তৈরি'। ইতোমধ্যে সফটওয়্যার তৈরি করা হয়েছে। বর্তমানে এটি পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।	**ক.** ২০১৬ সালের উদ্ভাবনী ধারণাসমূহের মধ্যে বাকি ৩টি ধারণার বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।	**সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/ চিফ ইনোভেশন অফিসার**
	খ. ইনোভেশনসংক্রান্ত কর্মশালায় গৃহীত ৫টি উদ্ভাবনী ধারণাসহ মোট ৮টি উদ্ভাবনী ধারণা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০১৭ সালের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। বার্ষিক কর্মপরিকল্পনা ইতোমধ্যে সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ধারণাগুলি চলতি বছরে বাস্তবায়ন করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বার্ষিক পরিকল্পনা সমন্বয় সভায় অনুমোদিত হওয়া প্রয়োজন।	**খ.১** ইনোভেশনসংক্রান্ত কর্মশালায় গৃহীত ৮টি উদ্ভাবনী ধারণাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। **খ.২** মানসম্মত দৃশ্যমান ও সৃজনশীল উদ্ভাবনী ধারণা প্রণয়ন করতে হবে। টেলিফোন নির্দেশিকার অ্যাপস্ তৈরি করার বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	**সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/ চিফ ইনোভেশন অফিসার /উদ্ভাবনী ধারণা উপস্থাপনকারী কর্মকর্তা**
	গ. জনপ্রশাসন মন্ত্রণালয়, অধীনস্ত দপ্তর ও মাঠপ্রশাসনে গৃহীত/বাস্তবায়িত উদ্যোগসমূহের তালিকা সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত তালিকা হতে ২০টি উদ্ভাবনী উদ্যোগ প্রাথমিকভাবে বাছাই করা হয়েছে। বাছাইকৃত উদ্যোগসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক মতামত প্রদানের জন্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা হয়েছে। কর্মকর্তাদের মতামতের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচিত ইনোভেশনসমূহ শো'কেসিং কর্মশালায় উপস্থাপন করা হবে।	**গ.** জনপ্রশাসন মন্ত্রণালয়, দপ্তর/ সংস্থায় এবং মাঠ প্রশাসনে বাস্তবায়িত ইনোভেশনসমূহ সংগ্রহপূর্বক কর্মকর্তাদের মতামতের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচিত ইনোভেশনসমূহ শো'কেসিং কর্মশালায় উপস্থাপন করতে হবে।	**অতিরিক্ত সচিব (সি.পি.টি.) ইনোভেশন টিম**
	ঘ. 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন' অগ্রগতি এবং 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য দপ্তর/সংস্থাকে অনুরোধ করা হয়েছে। বিয়াম ফাউন্ডেশন এ বছর ৫টি ইনোভেশন পরিকল্পনা গ্রহণ করে বাস্তবায়ন করছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন কোন দপ্তর/সংস্থা থেকে এ বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি।	**ঘ.** আগামী সমন্বয় সভার পূর্বে সকল দপ্তর/সংস্থায় বাস্তবায়নাধীন ইনোভেশন তালিকা সংক্ষিপ্ত বিবরণসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার বরাবর প্রেরণ করতে হবে।	**দপ্তর/সংস্থা প্রধান (সকল)**
	ঙ. ইনোভেশন সম্পর্কে ভাল কাজ করছেন, এ ধরনের কর্মকর্তাদের বর্তমান কর্মস্থলের চেয়ে আরও অধিক গুরুত্বপূর্ণ পদে পদায়ন এবং	**ঙ.** ইনোভেশন সম্পর্কে ভাল কাজ করছেন, এ ধরনের কর্মকর্তাদের	**অতিরিক্ত সচিব (এ.পি.ডি./ শৃঙ্খলা ও তদন্ত)**

	যারা দীর্ঘদিন প্রত্যন্ত অঞ্চলে কর্মরত আছেন, তাদেরকে ঢাকায় অথবা ঢাকার আশেপাশে পদায়ন কার্যক্রম অব্যাহত আছে।	বর্তমান কর্মস্থলের চেয়ে আরও অধিক গুরুত্বপূর্ণ পদে পদায়ন এবং যারা দীর্ঘদিন প্রত্যন্ত অঞ্চলে কর্মরত আছেন, তাদেরকে ঢাকায় অথবা ঢাকার আশেপাশে পদায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। পাশাপাশি মাঠ পর্যায়ে যে সমস্ত কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযোগ আছে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নিতে হবে।	
	চ. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (উন্নয়ন)-কে আহবায়ক এবং উপসচিব (পরিকল্পনা)-কে সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনীত করে এস.ডি.জি. বাস্তবায়ন ও মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। এস.ডি.জি. এর লক্ষ্য অর্জনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে এপিএ, এনআইএস সম্পর্কিত কার্যক্রম চলমান। এছাড়া এস.ডি.জি সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্যসমূহ নিয়মিত প্রেরণ করা হচ্ছে।	চ. পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী এস.ডি.জি. অর্জনে গৃহীত কর্মসূচি দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	**অতিরিক্ত সচিব (উন্নয়ন)**

৩.২ **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন**

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.২.১	**মন্ত্রিসভার সিদ্ধান্ত** সভা অবহিত হয় যে, ১৫ আগস্ট ১৯৭৫ হতে ৯ এপ্রিল ১৯৭৯ পর্যন্ত এবং ২৪ মার্চ ১৯৮২ হতে ১১ নভেম্বর ১৯৮৬ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত ১৯টি অধ্যাদেশকে সংশোধন ও পরিমার্জনক্রমে নতুন আইন প্রণয়নের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেছে। ইতোমধ্যে (1) The Public Servants (Marriage with Foreign National) Ordinance, 1976, (2) The Official Vehicles (Regulation of Use) Ordinance, 1986, (3) The Public Servants (Retirement) (Amendment) Ordinance, 1983 এবং (4) The Surplus Public Servants Absorption Ordinance, 1985 বাংলায় রূপান্তর করে আইনে পরিণত করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়সংক্রান্ত ৩টি, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সংক্রান্ত ৫টি এবং বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র সংক্রান্ত ২টি মোট ১০টি অধ্যাদেশ বাংলায় রূপান্তর করে আইনে পরিণত করার কার্যক্রম চলমান আছে। জনপ্রশাসন মন্ত্রণালয়সংক্রান্ত ৫টি অধ্যাদেশ অকার্যকর বিবেচনায় বাদ দেওয়ার জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মতামত চাওয়া হয়েছে। গত ১৪/০২/২০১৭ তারিখ তৃতীয় তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি সরকারী কর্ম কমিশন, বি.পি.এ.টি.সি. এবং জনপ্রশাসন মন্ত্রণালয়সংক্রান্ত ১০টি অধ্যাদেশ বাংলায় রূপান্তর করে আইনে পরিণত করার কার্যক্রম সম্পন্ন করার জন্য এবং ৫টি অধ্যাদেশের বিষয়ে মতামত প্রেরণের নিমিত্ত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগকে তাগিদপত্র প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।	সামরিক শাসন আমলে জারিকৃত জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত ১৯টি অধ্যাদেশের মধ্যে আইনে পরিণত করার প্রয়োজন নেই এ ধরনের ৫টি অধ্যাদেশ অকার্যকর বিবেচনায় বাদ দেওয়ার বিষয়ে মতামত প্রেরণের নিমিত্ত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ রাখতে হবে।	**অতিরিক্ত সচিব (এ.পি.ডি./ সি.পি.টি./বিধি/ আইন)**

৩.২.২	**রিপোর্ট প্রেরণ এবং ই-মেইলে পত্রালাপ (Correspondence)** মন্ত্রিপরিষদ বিভাগে মাসিক প্রতিবেদনসহ অন্যান্য রিপোর্ট যথাসময়ে প্রেরণ করতে হবে। বিভিন্ন সভার নোটিশ/ কার্যপত্র/ কার্যবিবরণী হার্ড কপির পরিবর্তে স্ব স্ব কর্মকর্তার দাপ্তরিক ই-মেইলে প্রেরণ করা হচ্ছে। এ কার্যক্রম আরও জোরদার করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগে মাসিক প্রতিবেদনসহ অন্যান্য রিপোর্ট ই-মেইলে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	**অতিরিক্ত সচিব (প্রশাসন)/সকল শাখা ও অধিশাখা প্রধান সকল দপ্তর/সংস্থা প্রধান**

০৪ দপ্তর/সংস্থা

৪.১ বি.সি.এস. (প্রশাসন) একাডেমি

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী
৪.১.১	**১০ম গ্রেডভুক্ত ৫টি পদের বিপরীতে ৬০ ভাগ পদোন্নতি** ১০ম গ্রেডভুক্ত ৫টি পদের বিপরীতে ৬০ ভাগ পদোন্নতির বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের ২৯/০১/২০১৭ তারিখের ১৪ সংখ্যক স্মারকমূলে জারিকৃত সরকারি আদেশটি আংশিক সংশোধনের জন্য প্রক্রিয়াধীন আছে।	বি.সি.এস. (প্রশাসন) একাডেমির ১০ম গ্রেডভুক্ত ৫টি পদের বিপরীতে ৬০ ভাগ পদোন্নতির বিষয়ে অর্থ বিভাগের মতামতের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	**রেক্টর, বি.সি.এস. প্রশাসন একাডেমি অতিরিক্ত সচিব (সি.পি.টি.)**

৪.২ বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বি.পি.এ.টি.সি.)

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.২.১.	**শূন্য পদ পূরণ** রেক্টর, বি.পি.এ.টি.সি. জানান, গাড়িচালক এর ৩টি পদে ১৯.১২.২০১৬ তারিখে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। পরিচালক পদের নিয়োগবিধি সংগ্রহের জন্য ০৮.০৬.২০১৬ তারিখে উপপরিচালক বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকাকে অনুরোধ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়, বি.পি.এ.টি.সি. এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে উল্লিখিত নিয়োগবিধির গেজেট পাওয়া যাচ্ছে না। বিজি প্রেস তল্লাশি করে গেজেটটি সংগ্রহ করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিজি প্রেস হতে পরিচালক পদের নিয়োগবিধি সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত আছে।	আগামী সভার পূর্বে পরিচালক পদের নিয়োগবিধি বিজি প্রেস থেকে সংগ্রহপূর্বক পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।	**রেক্টর, বি.পি.এ.টি.সি.**
৪.২.২.	**বি.পি.এ.টি.সি'র নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন তহবিল বৃদ্ধি** **ক.** সভা অবহিত হয় যে, Endowment Fund হিসেবে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মঞ্জুরির বিষয়ে অর্থ বিভাগের সঙ্গে যোগাযোগ অব্যাহত আছে। সভাপতি অর্থ বিভাগকে তাগিদপত্র প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। **খ.** আন্তর্জাতিক প্রশিক্ষণ কমপ্লেক্স এর উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ শুরু করা হয়েছে। যথাসময়ে সম্পন্ন করা হবে। **গ.** ডরমিটরি-২ এবং ডরমিটরি-৩ এর উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ ৭০% শেষ হয়েছে। ডরমিটরি-২ এবং ডরমিটরি-৩ উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হলে প্রশিক্ষণার্থীদের আবাসিক ও শ্রেণি কক্ষের সুবিধা বাড়বে।	**ক.** Endowment Fund হিসেবে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মঞ্জুরির বিষয়ে অর্থ বিভাগের সঙ্গে যোগাযোগ করতে হবে। **খ.** বি.পি.এ.টি.সি'র আন্তর্জাতিক প্রশিক্ষণ কমপ্লেক্স এর উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। **গ.** বি. পি.এ.টি.সি.'র ডরমিটরি-২ ও ৩ এর উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। অতিরিক্ত সচিব প্রকল্প পরিচালকদের নিয়ে মাসে ১বার সভা করবেন এবং সরেজমিনে প্রকল্প পরিদর্শন করবেন। ৩০/০৬/২০১৭ তারিখের মধ্যে প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন করতে হবে।	**রেক্টর, বি.পি.এ.টি.সি** **রেক্টর, বি.পি.এ.টি.সি অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়**

৪.৩ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.৩.১	**কর্মচারী কল্যাণ বোর্ডের জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণ** সভা অবহিত হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে ও কর্মচারি কল্যাণ বোর্ড কর্তৃক বাস্তবায়নের জন্য গৃহীত "Construction of 30 storied Bangladesh karmochari kallyan Board Bhaban (Kallyan Bhaban) at Dilkusha, Dhaka" শীর্ষক প্রকল্পের সংশোধিত স্থাপত্য নকশাটির বিষয়ে সর্বশেষ গত ০৫.০৩.২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হয়। নির্দেশনা অনুযায়ী স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা পরিমার্জন করার কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর সদয় বিবেচনার জন্য তাঁর বরাবর উপস্থাপনের নিমিত্ত এ বিষয়ে সার-সংক্ষেপসহ একটি থ্রি-ডি অডিও- ভিজুওয়াল প্রেজেন্টেশন তৈরির জন্য মহাপরিচালককে অনুরোধ করেন।	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্প সংক্রান্ত সার-সংক্ষেপসহ একটি থ্রি-ডি অডিও-ভিজুওয়াল প্রেজেন্টেশন তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। নকশা দেখানোর জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হতে সময় নিতে হবে।	**মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড** **অতিরিক্তসচিব (উন্নয়ন)**

৪.৪ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.৪.১	**শূন্য পদে নিয়োগ** মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, শূন্য পদে জনবল নিয়োগ বিষয়ে ৭৯ জন দৈনিক শ্রমিক কর্তৃক দায়েরকৃত রিট নং ৪১৩৬/২০১৪-হতে উদ্ভূত রিভিউ পিটিশন নং-২২/২০১৫-এর গত ১০/১২/২০১৫ তারিখে ঘোষিত রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল দায়েরের লক্ষ্যে সলিসিটর উইংয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে, হাইকোর্ট বিভাগ কর্তৃক ১০/১২/২০১৫ তারিখে ঘোষিত রায়ের জাবেদা নকল উত্তোলন করা হয়েছে। শীঘ্রই আপিল দায়েরের জন্য জাবেদা নকলসহ সলিসিটর উইং-এ পত্র লেখা হবে। এছাড়া ৯৫ জন দৈনিক শ্রমিক কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১১৪২২/২০১৫ এর গত ১৬/০২/২০১৫ তারিখে ঘোষিত রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩১৮৮/২০১৬ দায়ের করা হয়েছে। আপিল মামলা চলমান থাকায় শূন্য পদে জনবল নিয়োগ করা যাচ্ছে না।	ক. আপিল মামলা দ্রুত নিষ্পত্তিপূর্বক জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	**মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর** **অতিরিক্ত সচিব (আইন)**
	খ. বিজি প্রেসের অটোমেশন পুনর্গঠিত ডিপিপি ইংরেজীতে হওয়ায় মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর পুনরায় তা বাংলায় রূপান্তর করে গত ৫/৩/২০১৭ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করেছে। ডি.পি.পি.তে কিছু ত্রুটি বিচ্যুতি রয়েছে যা সংশোধন করা হচ্ছে। মন্ত্রণালয়ের ০৬/০৪/২০১৭ তারিখের যাচাই কমিটির সভায় সংশোধিত ডি.পি.পি. অনুমোদিত হলে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।	খ. এ বিষয়ে যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	**মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর** **অতিরিক্ত সচিব (উন্নয়ন)**
	গ. ৩টি প্রেসের ৪টি কর্মসূচির আওয়ায় থোক বরাদ্দ প্রদান অধিদপ্তরাধীন ০৩টি প্রেসের জন্য পৃথকভাবে ০৪টি কর্মসূচীর অনুকূলে সর্বমোট ৩৯,৮৫,৩৫,০০০/- টাকা অর্থ বরাদ্দের প্রস্তাব বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনক্রমে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার পরামর্শ অনুযায়ী ৩৯,৮৫,৩৫,০০০/- টাকা থোক বরাদ্দের প্রস্তাব করা হয়। পরবর্তীতে ২০১৬-১৭ অর্থ বছরে বিজিপ্রেসের ১টি কর্মসূচি চলমান থাকায় বাকী ৩টি কর্মসূচির অনুকূলে খাতওয়ারী বিভাজনপূর্বক ২৯,৯৯,৮৫,০০০/- টাকা অন্তর্ভুক্ত করে অর্থ বরাদ্দের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হলেও ০৪টি কর্মসূচির অনুকূলে কোন বরাদ্দ পাওয়া যায়নি।	গ. ২০১৭-১৮ অর্থবছরে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ৩টি প্রেসের জন্য অর্থ বরাদ্দ বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং বরাদ্দ প্রাপ্তির সঙ্গে সঙ্গে জরুরি ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করতে হবে।	**মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর** **যুগ্মসচিব (বা: ব্য:)**

	ঘ. সিস্টেম এনালিস্ট নিয়োগ মহাপরিচালক জানান যে, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের আইসিটি সেলের জন্য নবসৃষ্ট সিস্টেম এনালিস্টের শূন্য পদে সরাসরি কোটায় নিয়োগের লক্ষ্যে পুনরায় প্রার্থী বাছাই করে সুপারিশ প্রদানের জন্য সংশ্লিষ্ট তথ্যাদিসহ সংশোধিত প্রস্তাব পিএসসিতে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে কার্যক্রম চলমান আছে।	ঘ. বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সঙ্গে যোগাযোগ করে সিস্টেম এনালিস্ট এর পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।	**মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর** **যুগ্মসচিব (মুদ্রণ)**

৪.৫ সরকারি যানবাহন অধিদপ্তর

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.৫.১	**অকেজো গাড়ি নিলামে বিক্রয়** ক. সরকারি যানবাহন অধিদপ্তরের অকেজো ঘোষিত গাড়ি বিক্রয়ের কার্যক্রম অব্যাহত আছে। যুব ও ক্রীড়া অধিদপ্তর নির্ধারিত মূল্যে ২৫টি অকেজো ঘোষিত গাড়ি গ্রহণের বিষয়ে অপারগতা প্রকাশ করেছে। উক্ত গাড়িগুলো পরবর্তী নিলাম প্রক্রিয়ার মাধ্যমে বিক্রি করা হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ৪টি এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদর দপ্তর ১২টি গাড়ি গ্রহণ করেছে। এছাড়া এ পর্যন্ত ১৪২টি অকেজো গাড়ি নিলামে বিক্রি করা হয়েছে। পরিবহন কমিশনার জানান, অকেজো ঘোষিত অনেকগুলো গাড়ির সি.সি. বেশি হওয়ায় বি.আর.টি.এ.-এর মূল্যায়ন অনুযায়ী প্রস্তাবিত মূল্যায়ন অনেক বেশি। তাই নিলামের সময় প্রকৃত মূল্য পাওয়া যায় না। বি.আর.টি.সি. বিনামূল্যে এ ধরনের কিছু গাড়ি নেওয়ার জন্য আগ্রহ প্রকাশ করেছে। তিনি নিলামে বিক্রয়-অযোগ্য ও ব্যবহার-অনুপযোগি গাড়িসমূহ ডাম্পিং করার জন্য ঢাকার আশেপাশে খাস জমি বরাদ্দের প্রস্তাব করেন।	ক. অকেজো ঘোষিত অবশিষ্ট গাড়িসমূহ নিলামে বিক্রয়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। অকেজো ঘোষিত যানবাহন সরকারি সংস্থায় বিনামূল্যে হস্তান্তর করার বিষয়ে একটি নীতিমালা প্রস্তুত করতে হবে।	**পরিবহন কমিশনার**
	খ. গাড়ি ক্রয় পরিবহন কমিশনার জানান, ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেট বরাদ্দ দ্বারা জেলা প্রশাসকের কার্যালয়ের টিওএন্ডইভুক্ত ২৬টি 'এ' ক্যাটাগরির জেলায় ০২টি করে ৫২টি, নবগঠিত ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ব্যবহারের জন্য ০৩টি এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহারের জন্য ০৭টি সর্বমোট ৬২টি জীপ সরবরাহের জন্য প্রগতি ইন্ডাষ্ট্রিজ লি: বরাবরে এবং ৫১টি মটর সাইকেল সরবরাহের জন্য এটলাস বাংলাদেশ লি: বরাবরে চুক্তি সম্পাদন নোটিশ প্রদান করা হয়েছে। অর্থ বরাদ্দ না পাওয়ায় সিনিয়র সচিব/সচিব মহোদয়গণের ব্যবহারের জন্য ৪৫টি সিডান কার, বিদেশী ডেলিগেটদের ব্যবহারের জন্য ০৫টি BMW ও ০৫টি Mercedes Benz গাড়ি, অতিরিক্ত জেলা প্রশাসকদের ব্যবহারের জন্য ৩১টি জীপ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যবহারের জন্য উন্নতমানের ০২টি জীপ ক্রয় করা সম্ভব হয়নি। সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দ পাওয়া গেলে গাড়িগুলো ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হবে।	**খ.** সিনিয়র সচিব/সচিব, বিদেশী ডেলিগেটর, অতিরিক্ত জেলা প্রশাসক এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যবহারের জন্য উন্নতমানের গাড়ি ক্রয়ের কার্যক্রম গ্রহণ করতে হবে।	**পরিবহন কমিশনার** **অতিরিক্ত সচিব(প্রশাসন)**
	গ. সরকারি যানবাহন মেরামত কারখানার জায়গায় বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে নকশা চূড়ান্তকরণের বিষয়টি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।	**গ.** সরকারি যানবাহন মেরামত কারখানার জায়গায় বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে প্রণীত নকশার আলোকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	**পরিবহন কমিশনার** **অতিরিক্ত সচিব (উন্নয়ন)**

৪.৬ বিয়াম ফাউন্ডেশন

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.৬.১	কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বিয়াম ফাউন্ডেশনে বর্তমানে বুনিয়াদি কোর্স এবং Induction Training Course চলমান আছে।	কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	**মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন**

৪.৭ সরকারি কর্মচারী হাসপাতাল

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী
৪.৭.১	সরকারি কর্মচারী হাসপাতাল ব্যবস্থাপনায় মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাকে পদায়নের জন্য ১০/০১/২০১৭ তারিখে এপিডি অনুবিভাগকে অনুরোধ করা হয়েছে।	সরকারি কর্মচারী হাসপতাল ব্যবস্থাপনায় একজন যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাকে পদায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে।	**অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ)** **অতিরিক্ত সচিব (এপিডি)**

৫.	**প্রতিমন্ত্রীর নির্দেশনা**
	সভায় উপস্থিত মাননীয় প্রতিমন্ত্রী সরকারি কাজকর্মে গতিশীলতা আনয়নের জন্য সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার পরামর্শ প্রদান করেন। তিনি উপস্থিত দপ্তর/সংস্থা, অনুবিভাগ প্রধান এবং অন্যান্য কর্মকর্তাদের নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন: • যথাসময়ে অফিসে উপস্থিতির জন্য ইলেক্ট্রনিক হাজিরা নিশ্চিত করতে হবে; • প্রতিদিনের দাপ্তরিক সমস্যাসমূহ অনুবিভাগ প্রধানের মাধ্যমে দ্রুত সমাধান করতে হবে। জটিল বিষয়সমূহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে; • ই-ফাইলিং কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে; • বিভাগীয় মামলায় শাস্তির বিষয়সমূহ দৃশ্যমান করতে হবে; • বিভিন্ন আদালতে চলমান মামলাসমূহ যথাসময়ে নিস্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং • সভার সিদ্ধান্তসমূহ যথাসময়ে ফলোআপ করতে হবে।

৬। আলোচনার জন্য অন্য কোন বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪.৫.১৭
ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

নং-০৫.০০.০০০০.১১১.০৬.০৬.১৬-৩১০/১(২০০)

তারিখ : ৩১ বৈশাখ, ১৪২৪ / ১৪ মে, ২০১৭

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১. রেক্টর, বি.সি.এস.(প্রশাসন) একাডেমি,শাহবাগ/বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বি.পি.এ.টি.সি.), সাভার, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৩. অতিরিক্ত সচিব (প্রশাসন/এ.পি.ডি./সি.পি.টি./সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/আইন/বিধি/সংস্কার ও গবেষণা) অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
০৫. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড. সেগুন বাগিচা, ঢাকা।
০৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর. তেজগাঁও, ঢাকা।
০৭. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ ইস্কাটন, ঢাকা।
০৮. অতিরিক্ত সচিব (বিধি/সওব্য-১/সওব্য-৩/সচিবালয় ও কল্যাণ/প্রশাসন/পি.এ.সি.সি./উন্নয়ন অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৯. যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১০. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২ উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পি.এ.সি.সি. জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. তত্ত্বাবধায়ক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১৬. মন্ত্রীর সহকারী একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৭. প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
১৯ সিনিয়র সহকারী সচিব/সিনিয়র অ্যাসা: অফিসার/সিনিয়র সহকারী প্রধান/সিনিয়র অনুবাদ কর্মকর্তা/সিনিয়র তথ্য অফিসার/তথ্য অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান/অনুবাদ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা/সহকারী সচিব/সহকারী প্রধান/অ্যাসাইনমেন্ট অফিসার/নথিরক্ষণ কর্মকর্তা/নবম গ্রেডের কর্মকর্তা (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
২০ অফিস কপি

১৪.০৫.২০১৭
মোঃ মিজানুর রহমান
যুগ্মসচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়